# মুরগিছানার বন্ধু

রাবেন্দ্র কুমার 'রবি'

ছবি কনক শশী



BANGLA

eklavya

# মুরগিছানার বন্ধু

রাবেন্দ্র কুমার ‘রবি’
অনুবাদ শুদ্ধ ব্যানার্জী
ছবি কনক শশী

eklavya

# মুরগিছানার বন্ধু

MURGICHHANAR BANDHU

গল্প: রাবেন্দ্র কুমার ‘রবি’
অনুবাদ: শুদ্ধ ব্যানার্জী
ছবি: কনক শশী
সম্পাদনা: ভাবুক ফাউন্ডেশন

একলব্যয দ্বারা হিন্দিতে প্রকাশিত ‘नन्हे चूज़े की दोस्त’ কাহিনীর বাংলা অনুবাদ

একলব্য ফাউন্ডেশন, মে 2026

এই বইটি ক্রিয়েটিভ কমন্স লাইসেন্সের অ্যাট্রিবিউশন-নন-কমার্শিয়াল-নো ডেরিভেটিভস 4.0 ইন্টারন্যাশনাল (CC BY-NC-ND) এর অধীনে পড়ে। এর সম্পূর্ণ বিবরণ নীচের লিঙ্ক-এ পাওয়া যাবে - https://creativecommons.org/licenses/by-nc-nd/4.0/
মুল লেখক, চিত্রশিল্পী, প্রকাশকের নাম উল্লেখ করে, পরিবর্তনের বিশদ স্পষ্ট করে জানিয়ে, অনুরূপ লাইসেন্সের অধীনে কোন অপেশাদার উদ্দেশ্যে এই বইয়ের কপি করা, বিতরণ করা ও নাট্যরূপ দেওয়া বৈধ। এ ব্যতীত অন্য কোন কারণে প্রকাশকের মাধ্যমে লেখক ও চিত্রশিল্পীর সঙ্গে যোগাযোগ করা যাবে।

প্রথম সংস্করণ: মে 2026
কাগজ: 100 gsm ম্যাপলিথ ও 220 gsm পেপার বোর্ড (প্রচ্ছদ)
ISBN: 978-93-7612-147-2
মুল্য: ₹ 25.00


টাটা ট্রাস্টস-এর ‘পরাগ ইনিশিয়েটিভ’-এর (Parag initiative of Tata Trusts) আর্থিক সহায়তায় নির্মিত।

প্রকাশক
**একলব্য ফাউন্ডেশন** **(Eklavya Foundation)**
জামনালাল বাজাজ পরিসর, জাটখেড়ী,
ভোপাল – 462026 (মপ্র)
ফোন: +91 755 297 7770-71-72
www.eklavya.in

সম্পাদনা
**ভাবুক ফাউন্ডেশন** **(Bhabook Foundation)**
কৃষ্টি নেস্ট, ৩য় তল, ফ্ল্যাট নং – 302, কালিপার্ক,
রাজারহাট, 24 পরগনা (উ), পশ্চিমবঙ্গ,
কলকাতা – 700136
ফোন: +91 99039 05510
bhabook.f@gmail.com

মুদ্রক: আর কে সেকিউপ্রিন্ট প্রাইভেট লিমিটেড, ভোপাল; ফোন: +91 755 268 7589

এক ছিল বিড়াল। নাদুশ নুদুশ শরীরে চকচকে দুই চোখ। কালো রঙের লেজ ছিল তার, সাদাসাদা গোঁফ। তাকে দেখতে ভারি ভালো লাগতো, ঠিক যেন বাঘের মাসি।



রোজ সকালে সে শিকার করতে বেরিয়ে পড়তো। ইঁদুর, খরগোশ আর ছোটো ছোটো পাখি ছিল তার প্রিয় খাদ্য। মাঝে মাঝে ব্যাঙ আর কাঠবিড়ালি অব্দি খেয়ে নিতো।



একদিন সকালবেলা তুলোর গোলার মতো একটা মুরগিছানা একা একা খেলছিল। তাকে ধরতে বিড়াল পা টিপেটিপে তার দিকে এগোতে লাগলো। মুরগির খুব কাছে বিড়াল পৌঁছে গেলো কিন্তু তাকে দেখে ছানা মুরগি ভয়ই পেলো না।



সে এই প্রথম কোনো বিড়ালকে দেখলো। দেখে তার খুব ভাল লাগলো।

খুশির চোটে সে কি করবে ভেবে পায়না! চিঁ চিঁ শব্দ করে বিড়ালের চারদিকে গোলগোল ঘুরতে লাগলো।

সে কখনও বিড়ালের লেজ ধরতে যায় তো কখনও গোঁফ ধরতে যায়।



বিড়ালও মুরগিছানার এই দুষ্টুমিতে খুব মজা পেলো।
সেও মিয়াঁও মিয়াঁও করে তার সঙ্গে খেলতে লাগলো।



দুজনে যখন খেলায় মজে গেছে তখন সেখানে এলো মা মুরগি।
ছানাকে বিড়ালের সঙ্গে খেলতে দেখে সে ভয় পেয়ে গেলো।



ভাবলো বিড়াল বুঝি তার ছানাটাকে খেয়ে নেবে। সে কাঁদতে শুরু করলো।
বিড়াল ভাবলো মা মুরগিকে সে বোঝাবে যে ভয়ের কোনও কারণ নেই।

এই ভেবে সে মা মুরগির দিকে এগোতে লাগলো। আর ছানা মুরগি লাফিয়ে
বিড়ালের পিঠে চেপে পড়লো। এই দেখে মা মুরগি আরও ভয় পেয়ে গেলো।



বিড়াল মা মুরগিকে বললো, “ভয় পেয়ো না, ভয় পেয়ো না। তোমার ছানাকে আমি খাবো না। ও তো আমার খুব প্রিয়। আমিও ওকে খুব ভালবাসি।”

ছানা একলাফে মা মুরগির কাছে চলে গেলো। মায়ের মন শান্ত হলো। মা তার ছানাকে প্রাণ ভরে আদর করতে লাগলো।



বিড়াল ওখানেই দাঁড়িয়েছিল। মুরগি ছানা দৌড়ে তার কাছে গিয়ে বললো, “আজ থেকে তুমি আমার বন্ধু। আমি তোমার বন্ধু।”



বিড়ালের খুব ভালো লাগলো।
তারপর তারপর আস্তে আস্তে সবাই তার বন্ধু হয়ে গেলো।



ছোট্ট মুরগির ছানা শিকারি বিড়ালকে তার বন্ধু বানিয়ে নিলো!
কেমন করে?
এই মজার বইটা পড়লেই জানতে পারবে।

parag
AN INITIATIVE OF TATA TRUSTS
eklavya
দাম: ₹ 25.00
9 789376 121472